যুগান্তর

তারিখ: 25 DEC 2008

পৃষ্ঠা: ৩ ... ৭

# সারাদেশে ৩০৬টি মডেল মাধ্যমিক বিদ্যালয় হচ্ছে : ঘোষণা শিগগিরই

মুসতাক আহমদ

দেশের ৬৪টি জেলার ৩০৬টি বিদ্যালয়কে 'মডেল মাধ্যমিক বিদ্যালয়' ঘোষণা করতে যাচ্ছে সরকার। যে কোন সময় শিক্ষা মন্ত্রণালয় বা সরকারের নীতিনির্ধারণী পর্যায় থেকে এই ঘোষণা আসবে। শিক্ষা মন্ত্রণালয়ের একজন শীর্ষ কর্মকর্তা জানান, ২৭ ডিসেম্বর মন্ত্রণালয়ে শিক্ষা উপদেষ্টা একটি ব্রিফিং করতে পারেন। সেদিনও ওই ঘোষণা আসতে পারে বলে ইঙ্গিত করেন ওই কর্মকর্তা। সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, মূলত গ্রাম ও শহরের মধ্যে শিক্ষার সুযোগের পার্থক্য নিরসনকে সামনে রেখে উপজেলা পর্যায়ের ঐতিহ্যবাহী বিদ্যালয়গুলোকে মডেল স্কুলের ওই মান দেয়ার সিদ্ধান্ত হয়েছে। এ লক্ষ্যে ৮টি পৃথক টিমের তদন্ত ইতিমধ্যে শেষ হয়েছে। সংশ্লিষ্ট স্কুলগুলোকে অবকাঠামো উন্নয়ন, শিক্ষক প্রশিক্ষণ ও নতুন শিক্ষক নিয়োগ, উর্ধ্বমুখী সংস্কার, ল্যাবরেটরি আধুনিকায়ন ও আধুনিক তথ্যপ্রযুক্তির অধীনে আনাসহ নানাভাবে সমৃদ্ধ করা হবে। সূত্র আরও জানায়, আগামী ৩ বছরের মধ্যেই সব ক'টি বিদ্যালয়ে উপযুক্ত মানে আনতে উন্নয়ন কাজ সম্পন্ন করা হবে। তবে নতুন বছরে (২০০৯ সালে) ৬৪টি বিশ্ববিদ্যালয় মডেল হিসেবে দাঁড় করানোর কাজ সম্পন্ন করা হবে। বাকি ২৪২টি বিদ্যালয় পরবর্তী দু'বছরে পূর্ণাঙ্গ মডেল বিদ্যালয়ের রূপদান করা হবে। সিদ্ধান্ত অনুযায়ী প্রথম বছর যে ৬৪টি স্কুল মডেল স্কুলে রূপান্তরিত হচ্ছে, সেগুলো হল পটুয়াখালীর বাউফল মাধ্যমিক বিদ্যালয়, বরগুনার আমতলী একে পাইলট উচ্চ বিদ্যালয়, বরিশালের বানারীপাড়া ইউনিয়ন ইন্সটিটিউট, ভোলার (মনপুরা) হাজীরহাট মাধ্যমিক বিদ্যালয়, ঝালকাঠির রাজাপুর পাইলট উচ্চ বিদ্যালয়, পিরোজপুরের (মঠবাড়িয়া) কেএম লতিফ ইন্সটিটিউট, ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুর এসএম পাইলট উচ্চ বিদ্যালয়, চাঁদপুরের হাজীগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়, চট্টগ্রামের মিরসরাই পাইলট উচ্চ বিদ্যালয়, কুমিল্লার চৌদ্দগ্রাম এইচ জে পাইলট উচ্চ বিদ্যালয়, কক্সবাজারের টেকনাফ পাইলট উচ্চ বিদ্যালয়, ফেনীর সোনাগাজী মোহাম্মদ সাবের পাইলট উচ্চ বিদ্যালয়, বান্দরবানের থানচি উচ্চ বিদ্যালয়, খাগড়াছড়ির মাটিরাঙ্গা পাইলট উচ্চ বিদ্যালয়, লক্ষ্মীপুরের রায়পুর এলএম পাইলট উচ্চ বিদ্যালয়, নোয়াখালীর সোনাইমুড়ি উচ্চ বিদ্যালয়, রাঙ্গামাটির পোয়াপাড়া পাইলট উচ্চ বিদ্যালয়, ঢাকার সাভার অধর চন্দ্র উচ্চ বিদ্যালয়, ফরিদপুরের

হচ্ছে : পৃষ্ঠা ২ : কলাম ৫

## হচ্ছে : বিদ্যালয়

(৩য় পৃষ্ঠার পর) আলফাডাঙ্গা আরিফুজ্জামান পাইলট উচ্চ বিদ্যালয়, গাজীপুরের শ্রীপুর পাইলট উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জের সাবের মিয়া জসিমুদ্দীন (এসজে) উচ্চ বিদ্যালয়, জামালপুরের সরিষাবাড়ী রিয়াজ উদ্দিন তালুকদার উচ্চ বিদ্যালয়, কিশোরগঞ্জের বাজিতপুর হাফেজ আবদুল রাজ্জাক পাইলট উচ্চ বিদ্যালয়, মাদারীপুরের রাজৈর গোপালগঞ্জ কেজেএস পাইলট ইন্সটিটিউট, মানিকগঞ্জের সিংগাইর পাইলট উচ্চ বিদ্যালয়, মুন্সীগঞ্জের সোনারং বহুমুখী পাইলট উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহের নজরুল একাডেমি (দরিরামপুর উচ্চ বিদ্যালয়), নারায়ণগঞ্জের মোড়াপাড়া পাইলট উচ্চ বিদ্যালয়, নরসিংদীর মনোহরদী পাইলট উচ্চ বিদ্যালয়, নেত্রকোনার পূর্বধলা জেএম পাইলট উচ্চ বিদ্যালয়, রাজবাড়ীর বালিয়াকান্দি পাইলট উচ্চ বিদ্যালয়, শরীয়তপুরের নড়িয়া বিহারী লাল উচ্চ বিদ্যালয়, শেরপুরের ঝিনাইগাতী পাইলট উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইলের কালিহাতী আরএস পাইলট উচ্চ বিদ্যালয়, বাগেরহাটের চালনা বন্দর মাধ্যমিক বিদ্যালয়, চুয়াডাঙ্গার আলমডাঙ্গা বহুমুখী পাইলট মাধ্যমিক বিদ্যালয়, যশোরের শার্শা পাইলট উচ্চ বিদ্যালয়, ঝিনাইদহের কোটচাঁদপুর পাইলট উচ্চ বিদ্যালয়, খুলনার তেরখাদার ইখড়ী কাটেংগা ফজলুল হক পাইলট উচ্চ বিদ্যালয়, কুষ্টিয়ার কুমারখালী এমএন পাইলট উচ্চ বিদ্যালয়, মাগুরার আড়পাড়া আইডিয়াল উচ্চ বিদ্যালয়, মেহেরপুরের গাংনী পাইলট উচ্চ বিদ্যালয় ও কলেজ, নড়াইলের লোহাগড়া পাইলট উচ্চ বিদ্যালয়, সাতক্ষীরার কালীগঞ্জ পাইলট উচ্চ বিদ্যালয়, বগুড়ার শেরপুর ডিজে উচ্চ বিদ্যালয়, দিনাজপুরের বিরল পাইলট উচ্চ বিদ্যালয়, গাইবান্ধার বুড়াইল উচ্চ বিদ্যালয় ও কলেজ, জয়পুরহাটের আক্কেলপুর এফএইচ পাইলট উচ্চ বিদ্যালয়, কুড়িগ্রামের ফুলবাড়ী জছি মিঞা উচ্চ বিদ্যালয়, লালমনিরহাটের হাতিবান্ধা এসএস উচ্চ বিদ্যালয়, নওগাঁর রানীনগর পাইলট উচ্চ বিদ্যালয়, নাটোরের গুরুদাসপুর পাইলট উচ্চ বিদ্যালয়, চাঁপাইনবাবগঞ্জের নাচোল পাইলট উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, নীলফামারীর কিশোরগঞ্জ বহুমুখী উচ্চ বিদ্যালয়, পাবনার চাটমোহর আরসিএন এন্ড বিএসএন পাইলট উচ্চ বিদ্যালয়, পঞ্চগড়ের তেঁতুলিয়া পাইলট উচ্চ বিদ্যালয়, রাজশাহীর তানোর পৌরসভা উচ্চ বিদ্যালয়, রংপুরের কাউনিয়া মোফাজ্জল হোসেন উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জের শাহজাদপুর পাইলট উচ্চ বিদ্যালয়, ঠাকুরগাঁওয়ের বালিয়াডাঙ্গী পাইলট উচ্চ বিদ্যালয়, হবিগঞ্জের বাহুবল উচ্চ বিদ্যালয়, মৌলভীবাজারের পাথারিয়া ছোটলিখা উচ্চ বিদ্যালয়, সুনামগঞ্জের ছাতক বহুমুখী উচ্চ বিদ্যালয় এবং সিলেটের বালাগঞ্জ ডিএন উচ্চ বিদ্যালয়।

বাকি ২৪২টি স্কুলের কাজ ২০১০ ও ২০১১ সালে সম্পন্ন হবে। এগুলোর মধ্যে ৩২টি স্কুলের ব্যাপারে পূর্ণাঙ্গ তথ্য না পাওয়ায় সিদ্ধান্ত স্থগিত থাকবে বলে সূত্র জানায়।